# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

## ৪৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৯তম বার্ষিক সাধারণ সভা ২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি., ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার বিকাল ০৪.৩০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়।

কোম্পানির আর্টিকেলস্ অফ এসোসিয়েশন এর ধারা ১০২ অনুযায়ী সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন এবং কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এম এ আকমল হোসেন আজাদ সভায় সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন: -

| | | |
|---|---|---|
| ১ | মিজ কওছার জহুরা | স্বতন্ত্র পরিচালক |
| ২ | জনাব সামসুল আলম ভূঁইয়া | পরিচালক |
| ৩ | ড. নূরুন্নাহার চৌধুরী | পরিচালক |
| ৪ | জনাব কবির মাহমুদ | পরিচালক |
| ৫ | প্রকৌশলী মনজারে খোরশেদ আলম | পরিচালক |
| ৬ | প্রকৌশলী শেখ আল আমীন | পরিচালক |
| ৭ | জনাব সালেহ আহমদ খসরু | স্বতন্ত্র পরিচালক |
| ৮ | জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী | পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক |

জনাব মোঃ মাসুদুল ইসলাম, কোম্পানি সচিব সভায় উপস্থিত থেকে কার্যবিবরণী লিপিবদ্ধ করেন।

কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্যে ৯৮ জন ব্যক্তিগতভাবে এবং ০৮ জন প্রক্সির মাধ্যমে অনলাইনে উপস্থিত ছিলেন।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এম এ আকমল হোসেন আজাদ যমুনা অয়েল কোম্পানী লিমেটেড এর ৪৯তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র পরিচালকবৃন্দ, ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, বিপিসি'র প্রতিনিধিবৃন্দ, অতিথিবৃন্দ এবং সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারগণকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি অত্যন্ত আনন্দের সাথে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৯তম বার্ষিক সাধারণ সভার শুভ সূচনা ঘোষণা করেন। সভার প্রারম্ভে পবিত্র কোরআন তেলাওয়াত করেন কোম্পানির ইবাদত খানার ইমাম জনাব নুরুল আলম। এ পর্যায়ে কোম্পানি সচিব পরিচালকমন্ডলীকে তাঁদের পরিচিতি প্রদানের অনুরোধ করলে পরিচাকলকবৃন্দ নিজ নিজ পরিচিতি প্রদান করেন।

সভাপতি মহোদয় কোম্পানি সচিব জনাব মোঃ মাসুদুল ইসলাম কে সভার নোটিশ পাঠের আহবান জানান। কোম্পানি সচিব সভার নোটিশ পাঠ করেন এবং চেয়ারম্যান মহোদয়কে সার্বিক বিষয়ে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য:

সম্মানিত শেয়ারহোল্ডারগণ, পরিচালকমণ্ডলী ও সুধীবৃন্দকে সালাম জানিয়ে বক্তব্যের শুরুতে চেয়ারম্যান মহোদয় যথাযথভাবে শ্রদ্ধা জানিয়ে স্মরণ করেন ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বীর শহীদদের, ১৯৭১ সালের শহীদ বীর মুক্তিযোদ্ধাদের এবং জুলাই-আগস্ট ২০২৪ এর ছাত্র-জনতার আন্দোলন ও গণঅভ্যূত্থানে নতুন বাংলাদেশ বিনির্মাণে যারা আত্মত্যাগ করেছেন সেসব বীর শহীদদের। জুলাই বিপ্লবে যারা আহত হয়েছেন তাঁদের প্রতি তিনি সমাবেদনা ও কৃতজ্ঞতা জানান।

তিনি জানান যে, বিগত বছরের ন্যায় সার্বিক বিবেচনায় অদ্যকার ৪৯তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করা হয়েছে। অদ্যকার সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত হওয়ায় তিনি সম্মানিত শেয়ারহোল্ডারগণসহ সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

তিনি বলেন, ২০২৩-২০২৪ সালের বার্ষিক প্রতিবেদন ও ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী প্রাপ্তির লিংক সম্মানিত শেয়ার হোল্ডারগণের স্ব স্ব ই-মেইল ও মোবাইল ফোনে ম্যাসেজের মাধ্যমে প্রেরণ করা হয়েছে এবং কোম্পানির ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে, যাতে শেয়াহোল্ডারগণ তা পর্যালোচনা করতে পারেন। তিনি আরো বলেন যে, বার্ষিক সাধারণ সভার উদ্দেশ্য হচ্ছে বিগত বছরের ব্যবসায়িক সাফল্য, ফলাফল ও কার্যকলাপ সম্পর্কে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে শেয়াহোল্ডারগণকে অবহিত করা, তাঁদের বিভিন্ন প্রশ্নের জবাব দেয়ার মাধ্যমে কোম্পানির জবাবদিহিতা নিশ্চিত করা এবং কোম্পানিকে আরও উন্নত গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

তিনি শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য বলেন যে. বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান যমুনা অয়েল কোম্পানী লিমিটেড দেশের অন্যতম সরকারি জ্বালানি তেল বিপণনকারী প্রতিষ্ঠান হিসেবে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সারাদেশে বিদ্যুৎ, কৃষি, শিল্প ও পরিবহন খাতে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এছাড়াও

এ কোম্পানি সরকারের উন্নয়ন প্রকল্পসমূহে জ্বালানি তেল ও বিটুমিন সরবরাহ করে উন্নয়ন কর্মকান্ডে অবদান রেখে চলেছে। অত্র কোম্পানি চলমান বিশেষ পরিস্থিতিতেও চ্যালেঞ্জ মোকাবেলা করে সারাদেশে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ করে আসছে।

তিনি বলেন, শেয়ারবাজারে তালিকাভুক্ত জ্বালানি খাতের কোম্পানি এমজেএল বাংলাদেশ পিএলসি এর মোট শেয়ারের **১৯.৪৫%** অর্থাৎ **৬,১৬,২১,৯০০** টি শেয়ারের মালিকানা অত্র কোম্পানির কাছে থাকায় ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য ৫০% নগদ লভ্যাংশ হিসেবে এমজেএল বাংলাদেশ পিএলসি হতে ৩০,৮১,০৯,৫০০.০০ টাকা অর্জন করেছে। এছাড়া সহযোগী কোম্পানি ওমেরা ফুয়েলস লিমিটেড এর ২৫% শেয়ারের মালিকানাও অত্র কোম্পানির কাছে থাকায় ২০২৩-২০২৪ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী ওমেরা ফুয়েলস লিমিটেড এর আয়কর পরবর্তী লাভ ২৯,৪৪,৮৯৮.০০ টাকার ২৫% হিস্যা বাবদ ৭,৩৬,২১৫.০০ টাকা এ কোম্পানির মুনাফার সাথে যোগ হয়েছে। এমজেএল বাংলাদেশ পিএলসি এবং ওমেরা ফুয়েলস লিমিটেড-এ বিনিয়োগ এ কোম্পানির আর্থিক ভিত্তিমূলকে আরও সুদৃঢ় করেছে। কোম্পানির পরিচালন আয়, সহযোগী কোম্পানি হতে আয় ও অন্যান্য আয় বৃদ্ধি পাওয়ায় ২০২৩-২০২৪ অর্থ বছরে কোম্পানির কর পরবর্তী নীট লাভ হয়েছে ৪৪১.৬৭ কোটি টাকা যা বিগত বছরের তুলনায় ১০০.৮০ কোটি বা ২৯.৫৭% বেশি। তিনি শেয়ারহোল্ডারবৃন্দকে আনন্দের সাথে জানান যে, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড তেল, গ্যাস ও জ্বালানি ক্যাটাগরিতে আইসিএমএবি ১৪তম বেস্ট কর্পোরেট গোল্ড পদক অর্জন করেছে। ব্যবসায়িক পরিচালন সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মতি পাওয়ার পর কোম্পানির প্রধান স্থাপনায় জেটির সম্প্রসারণ, সংস্কার ও পাইপলাইন সম্প্রসারণ ও নির্মাণ কাজ চলমান আছে, আশা করা যায় জুন'২০২৫ এর মধ্যে কাজ শেষ হবে। ফতুল্লা ডিপোতে ৫,০০০ মেট্রিক টন ধারণক্ষমতার ট্যাংক নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে যা ঢাকা-চট্টগ্রাম জ্বালানি তেল পরিবহণ পাইপ লাইনের সাথে যুক্ত হবে। তিনটি তেল বিপণন কোম্পানির প্রধান স্থাপনাসমূহের পরিচালন কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের লক্ষ্যে স্পেনের স্বনামধন্য পরামর্শক প্রতিষ্ঠান Tecnicas Reunidas (TR), Spain এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং সম্ভাব্যতা যাচাই রিপোর্টের ওপর পর্যালোচনা চলমান রয়েছে। তিনটি তেল বিপণন কোম্পানির ৩৯টি ডিপোর পরিচালন কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের লক্ষ্যে দেশী-বিদেশী স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হয়ে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলমান আছে। জ্বালানি তেলের মজুদ সক্ষমতা বৃদ্ধির জন্য প্রধান স্থাপনাসহ ডিপোসমূহে মোট ৪০,০০০ মেট্রিক টন ধারণক্ষমতার ট্যাংক নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জের শীতলক্ষ্যা নদীর তীরে পূর্বাচল আবাসিক এলাকার সন্নিকটে একটি নতুন ডিপো স্থাপন করার বিষয় বিবেচনাধীন আছে। এই সকল প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কোম্পানির বাণিজ্যিক সক্ষমতা আরও বৃদ্ধি পাবে। কোম্পানির "কনস্ট্রাকশন অব ২০ স্টোরিড যমুনা অফিস বিল্ডিং (যমুনা ভবন) এ্যাট কাওরান বাজার, ঢাকা ২য় ফেইজ" শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকার কাওরান বাজারে ৩য় তলা হতে ২০ তলা ভবন নির্মাণ কাজটির ২০ তলা পর্যন্ত কাঠামোগত নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ফিনিশিং কাজ চলমান আছে। বুয়েটের পরামর্শক সেবা গ্রহণ করে ৩য় তলা থেকে ২০ তলা পর্যন্ত ভবন নির্মাণের প্রকল্পের কাজ ডিসেম্বর-২০২৫ এর মধ্যে শেষ হবে বলে তিনি আশা করেন। প্রকল্পটি শেষ হওয়ার পর জেওসিএল এর ভাড়া আয়ের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

সভার চেয়ারম্যান কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার, গ্রাহক, ব্যবসায়িক সহযোগী, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং অন্যান্য স্টেকহোল্ডারদেরকে তাদের সমর্থন ও সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

চেয়ারম্যান মহোদয় বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এর বক্তব্য ও পরিচালকমন্ডলীর প্রতিবেদন শেয়ারহোল্ডারগণ পড়েছেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন এবং সম্মানিত শেয়ারহোল্ডারগণের সম্মতিক্রমে তা পঠিত হয়েছে বলে গণ্য করেন। সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে তাদের মূল্যবান প্রশ্ন ও মন্তব্য/মতামত প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘন্টা আগে থেকে ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি আশা করেন শেয়ারহোল্ডারগণ তাদের প্রশ্ন উত্থাপন, মন্তব্য/মতামত প্রদান ও ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন।

এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারগণের ২০২৩-২০২৪ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর তাঁদের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন এবং কোম্পানি সচিব শেয়ারহোল্ডারগণের নিম্নোক্ত মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করেন:

**০১) জনাব আলহাজ্ব এস কে. তানজিরা বেগম, (বিও আইডি নং ১২০১৫৯০০০৮০০৯২৬৩)**

তিনি শুরুতে ৪৯তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি, বিজ্ঞ বোর্ড সদস্য, কর্পোরেট ম্যানেজমেন্ট, কোম্পানি সচিব, বিপিসি'র প্রতিনিধি সহ অন্যান্য অতিথি, প্রতিষ্ঠানের সকল স্তরের শ্রমিক- কর্মচারী, কর্মকর্তা এবং সকল শেয়ারহোল্ডারবৃন্দ'কে ঋতুরাজ বসন্ত ও ২১শে ফেব্রুয়ারির সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি ২০২৩-২৪ অর্থবছরে অত্র কোম্পানি'র সর্বোচ্চ ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণার জন্য অন্তরের অন্তঃস্থল থেকে মোবারকবাদ জানান এবং জ্বালানি সেক্টরে ২০২৪ সালে আইসিএমএবি ১৪তম বেস্ট কর্পোরেট গোল্ড পদক অর্জন করায় অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি হাইব্রিড পদ্ধতিতে এজিএম অনুষ্ঠান কেন করা গেলো না তা জানতে চান এবং আগামীতে সরাসরি এজিএম করার দাবী করেন। তিনি ঢাকার যমুনা ভবনের অবশিষ্ট নির্মাণ কাজ দ্রুত সম্পাদনের সাথে সাথে চট্টগ্রামের আগ্রাবাদস্থ যমুনা ভবনের প্রয়োজনীয় সংস্কার এবং সেখানে লিফ্ট স্থাপনে ত্বরিৎ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। তিনি কোম্পানিতে তেলের অপচয় ও বিপণনে

অনিয়ম ইত্যাদি রোধে বাস্তব সম্মত পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। তিনি কোম্পানির প্রধান কার্যালয়ের সাথে ডিপোগুলোর অপারেশনাল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করার চলমান কাজ দ্রুতগতিতে সম্পাদনের জন্য অনুরোধ করেন। তিনি সিএসআর কার্যক্রমে চলতি বছরের খরচ ৩৮.৫৭ লক্ষ টাকা থেকে আরো বাড়িয়ে বিশেষ করে আর্ত মানবতার সেবা ও মানব নৈতিক-চরিত্র উন্নয়নে মসজিদ মাদ্রাসাসহ ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদানের জন্য অনুরোধ জ্ঞাপন করেন। আগামীতে জেওসিএল বর্তমান মুনাফার ধারাবাহিকতা রক্ষা করবে বলে বিশ্বাস করেন এবং শেয়ারহোল্ডারদেরকে এসএমএস, ইমেইল এবং বার্ষিক প্রতিবেদন যথাসময়ে সরবরাহ করার জন্য কোম্পানি সচিব মহোদয়সহ শেয়ার বিভাগ

এর সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপণ করেন।

**০২) জনাব আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব, (বিও আইডি নং ১২০১৫৯০০০৮০১৪৩৬৭)**

তিনি ৪৯তম ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভা'র সম্মানিত সভাপতি, বিজ্ঞ বোর্ড সদস্য, কর্পোরেট ম্যানেজমেন্ট, কোম্পানি সচিব, অতিথিবৃন্দ, প্রতিষ্ঠানের সকল স্তরের শ্রমিক- কর্মচারী, কর্মকর্তা এবং সকল শেয়ারহোল্ডারবৃন্দকে ২১শে ফেব্রুয়ারির সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি ২০২৩-২৪ অর্থবছরের চমৎকার বার্ষিক প্রতিবেদন উপস্থাপনের জন্য কর্পোরেট ম্যানেজমেন্ট এর প্রতি শুকরিয়া জ্ঞাপন করেন। চলতি অর্থবছরে গতবারের তুলনায় সার্বিকভাবে বিপণন ও আর্থিক ফলাফলে কিছুটা হ্রাসের চিত্র দেখা গেলেও অন্যান্য খাতের আয়ের প্রবৃদ্ধি, কৌশলগত ব্যয় নিয়ন্ত্রণপূর্বক বিদ্যমান মুদ্রাস্ফীতির ছোবল কাটিয়ে ২০২২-২৩ অর্থবছরের চেয়ে ২০% বেশি অর্থাৎ কোম্পানির ইতিহাসে সর্বোচ্চ ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণা করায় শেয়ারহোল্ডাদের পক্ষ থেকে মোবারকবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি তেল, গ্যাস ও জ্বালানি সেক্টরে ২০২৪ সালে আইসিএমএবি ১৪তম বেস্ট কর্পোরেট গোল্ড পদক অর্জন এবং ৪৮তম এজিএম এর কার্যবিবরণী যথাযথভাবে উপস্থাপনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি চলতি বছরে কোম্পানির ইপিএস, এনএভি ইত্যাদি সন্তোষজনক হলেও নীট অপারেটিং নগদ তহবিল শেয়ার প্রতি ১০৯.০১ টাকা থেকে ২২.৮৮ টাকা নেমে আসার কারণ ও তা' প্রতিকারের কর্মপরিকল্পনা কি হবে তা জানতে চেয়েছেন। তিনি বেসরকারি পর্যায়ে জ্বালানি তেল উৎপাদন ও বিপণনের সুযোগ তৈরির ফলে উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবেলায় সম্ভাব্য পরিকল্পনা জানতে চেয়েছেন। তিনি ঢাকাস্থ কাওরান বাজারের নির্মানাধীন যমুনা ভবনের কাজ সম্পন্ন করে তা কবে নাগাদ কোম্পানির আয় বর্ধনে যুক্ত হবে এবং চেয়ারম্যান মহোদয়ের দায়িত্বের প্রারম্ভে অন্যান্য বিষয়ের সাথে এ বিষয়টিকে অগ্রাধিকার দিবেন কিনা তা জানতে চেয়েছেন। তিনি বলেন, অপরিচালন আয়ের মধ্যে ব্যাংকে রক্ষিত বিনিয়োগ থেকে অর্জিত আয় একটা বড় ভূমিকা রাখে। তাই প্রায় ২৪টি ব্যাংকে রাখা স্থায়ী ও শর্ট নোটিশ ডিপোজিট থেকে অর্জিত আয়ে লভ্যাংশের হার উল্লেখ নেই কেন তা জানতে চেয়েছেন এবং সুদ যথাযথভাবে হিসাবে জমা হয়েছে কিনা তা জানতে চেয়েছেন। তিনি কোম্পানিসমূহের সম্পদ পুনর্মূল্যায়নে বিপিসি'র নেয়া পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি জানতে চেয়েছেন।

**০৩) জনাব মো: আব্দুল্লাহ আল জাকি, (বিও আইডি নং ১২০৪১৮০০২৫৮১৪৪৬১)**

তিনি অত্র কোম্পানি মূল ব্যবসার বাহিরে অন্য কোন খাতে বিনিয়োগের সম্ভাবনা আছে কিনা জানতে চেয়েছেন। তিনি শেয়ারহোল্ডারদের লভ্যাংশ আরো বৃদ্ধির ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন এবং সেই সাথে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

**০৪) জনাব মো: মোবারক হোসাইন, (বিও আইডি নং ১২০২৫৩০০১৯৮১৫১২২)**

তিনি সম্মানিত চেয়ারম্যান মহোদয়, সুযোগ্য পরিচালনা পর্ষদ, দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন এমডি মহোদয়কে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি অত্র প্রতিষ্ঠানের সকল যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের পদোন্নতি প্রদানের আশা ব্যক্ত করেন। তিনি পরিচালন মুনাফা কেন কমেছে তা বিস্তারিতভাবে জানতে চেয়েছেন। তিনি অপরিচালন মুনাফা বৃদ্ধি, অন্যান্য আয় বৃদ্ধি এবং ১৫০% ডিভিডেন্ড দেওয়ার জন্য এমডি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি দেশের উন্নয়নে অত্র প্রতিষ্ঠান সরকারি কোষাগারে গত বছরের চেয়ে ১১১.৫৮ কোটি টাকা বেশি দিয়ে অবদান রেখেছে বলে মন্তব্য করেন। এছাড়া ঢাকা কাওরান বাজারস্থ ২০ তলা ভবনের চলমান কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চান।

**০৫) জনাব হিরালাল বণিক, (বিও আইডি নং ১২০১৮৪০০০০৭০৩২৩২)**

তিনি সম্মানিত চেয়ারম্যান মহোদয়, সুযোগ্য পরিচালনা পর্ষদ, দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন এমডি মহোদয়কে সালাম জানান। তিনি ফিজিক্যালি এজিএমের দাবী জানান। তিনি ভার্চুয়ালি এজিএম আয়োজন এবং ডিভিডেন্ড প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বার্ষিক প্রতিবেদন সুন্দর এবং আকর্ষণীয় হয়েছে বলে মন্তব্য করেন। তিনি ইপিএস এবং নেট এসেট ভ্যালুর অবস্থান ভাল বলে মন্তব্য করেন। তিনি নি:সন্দেহে যমুনা অয়েল কোম্পানী শেয়ার মার্কেটে ভালো অবস্থানে আছেন বলে জানান। তিনি কোম্পানির ভবিষ্যৎ ভিশন সম্পর্কে জানতে চান এবং কোম্পানির ভবিষ্যৎ সাফল্য কামনা করেন।

**০৬) জনাব হরিদাশ বণিক, (বিও আইডি নং ১২০৪৩২০০২০৭০৯৭৬১)**

তিনি ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে এজিএএম আয়োজনের জন্য ধন্যবাদ জানান। তিনি শেয়ারহোল্ডারদের ডিভিডেন্ড প্রদান করায় সন্তুষ্টি প্রকাশ করেন।

**০৭) জনাব শঙ্কর কুমার মল্লিক, (বিও আইডি নং ১২০৪৪৩০০১৫৩৪০৬৫৬)**

তিনি আরো বেশি নগদ লভ্যাংশ ঘোষণার অনুরোধ করেন এবং কোম্পানির ভবিষ্যৎ উন্নয়ন ও পরিকল্পনা জানতে চান। তিনি পরবর্তী বছর ফিজিক্যাল এজিএম আয়োজনের জন্য অনুরোধ করেন। তিনি লভ্যাংশ অনুমোদনের ৭ দিনের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করেন।

**০৮) জনাব কবির আহম্মেদ চৌধুরী, (বিও আইডি নং ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০)**

তিনি বার্ষিক সাধারণ সভা'র সম্মানিত সভাপতি, দক্ষ পরিচালনা পর্ষদ, কোম্পানি সচিবসহ লিংকে সংযুক্ত সম্মানিত শেয়ার হোল্ডারগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি NAV পুনর্মূল্যায়নের জন্য পরামর্শ দেন। তিনি শুধু তেল বিপণনে নির্ভরশীল না হয়ে নির্মানাধীন ভবনের কাজ দ্রুত শেষ করে বাণিজ্যিকভাবে চালুর দাবী করেন। তিনি প্রধান কার্যালয়ের পাশে একটি ৩০ তলা ভবন নির্মাণ করার দাবী করেন। তিনি শেষ কয়েকটি এজিএমে প্রধান কার্যালয়ে একটি লিফট্ স্থাপনের প্রয়োজনীয়তা উল্লেখ করেছিলেন বলে জানান। তিনি বার্ষিক প্রতিবেদনে উল্লেখিত

NAV, EPS, Business Performance চমৎকার হয়েছে বলে জানান কিন্তু NOCFPS নেগেটিভ কেন তা জানতে চান। তিনি এমজেএল বিডি পিএলসি ও ওমেরা ফুয়েলস্ লিঃ হতে কোম্পানির কত আয় হলো তা জানতে চান। তিনি ফিজিক্যাল এজিএম এর গুরুত্ব উল্লেখ করে আগামী বছর ডিজিটাল এজিএমের পরিবর্তে হাইব্রিড সিস্টেমে এজিএম করার জোর দাবী করেন। তিনি চট্টগ্রামে একটা যমুনা আধুনিক হাসপাতাল প্রতিষ্ঠার দাবী করেন।

**০৯) জনাব সুব্রত সাহা , (বিও আইডি নং ১২০৪৩২০০২০৯২১৯৬৫)**

তিনি শুরুতে ৪৯তম বার্ষিক সাধারণ সভা'র সম্মানিত সভাপতি, বিজ্ঞ বোর্ড সদস্য, দক্ষ কোম্পানি সচিব, বিপিসি সহ অন্যান্য অতিথি, প্রতিষ্ঠানের সকল স্তরের শ্রমিক- কর্মচারী, কর্মকর্তা এবং সকল শেয়ারহোল্ডারবৃন্দ'কে ২১শে ফেব্রুয়ারির সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি পুর্বের ধারাবাহিকতায় ভালো লভ্যাংশ প্রদান করায় কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

**১০) জনাব শাহাদাত আলী, (বিও আইডি নং ১২০১৮৪০০৭৬২১০০০২)**

তিনি শুরুতে সম্মানিত চেয়ারম্যান, পরিচালক মন্ডলী, সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং কোম্পানির কর্মকর্তা-কর্মচারী যারা কোম্পানির উন্নয়ন ও মুনাফা বৃদ্ধিতে গুরুত্বপূর্ন ভূমিকা রেখেছে তাদের সবাইকে শুভেচ্ছা জানান। তিনি করোনা, ইউক্রেন যুদ্ধ, ডলার সংকট ইত্যাদিতে আমাদের অর্থনৈতিক সংকটে থাকা শর্তেও কোম্পানি কর্তৃক ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণাকে সাধুবাদ জানান। তিনি সম্পদ পুনর্মুল্যায়নের দাবী করেন। তিনি আগামী বছর ডিজিটাল এজিএমের পরিবর্তে ফিজিক্যাল এজিএম করার দাবী করেন। তিনি কোম্পানির বার্ষিক প্রতিবেদনকে প্রতিষ্ঠানের আয়না বলে উল্লেখ করেন এবং বার্ষিক প্রতিবেদন সুন্দর হয়েছে বলে মন্তব্য করেন।

**১১) জনাব মো. তানজিলুর রহমান, (বিও আইডি নং ১২০১৫১০০১৬০৬৫৪৬৪)**

তিনি শুরুতে সম্মানিত চেয়ারম্যান, পরিচালক মন্ডলী, সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং কোম্পানির কর্মকর্তা-কর্মচারী যারা কোম্পানির উন্নয়ন ও মুনাফা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে তাদের সবাইকে শুভেচ্ছা জানান। তিনি সর্বোচ্চ নগদ লভ্যাংশ ঘোষণার জন্য ধন্যবাদ জানান এবং ভার্চুয়ালি এজিএমে অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারদের সম্মানী প্রদানের জন্য অনুরোধ করেন।

এছাড়া আরো যে সকল শেয়ারহোল্ডারগণ একইরূপ মতামত ও প্রশংসাসূচক মন্তব্য করেছেন তাদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

**ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য ও জবাব:**

ব্যবস্থাপনা পরিচালক যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর আজকের ৪৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি সরকারের সিনিয়র সচিব ও সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন এবং অত্র কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব এম এ আকমল হোসেন আজাদ, পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র প্রতিনিধিসহ সংস্থার উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, অতিথিবৃন্দ এবং কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দকে সালাম জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন।

তিনি বক্তব্যের শুরুতে শ্রদ্ধাভরে স্মরণ করেন ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বীর শহীদদের, ১৯৭১ সালের শহীদ বীর মুক্তিযোদ্ধাদের এবং ছাত্র-জনতার ২০২৪ এর জুলাই বিপ্লবের বীর শহীদদের এবং বিপ্লবে আহত ছাত্র-জনতার প্রতি অশেষ কৃতজ্ঞতা ও সমবেদনা জ্ঞাপন করেন।

তিনি আজকের ৪৯তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত হয়ে ধৈর্য সহকারে সভার কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ জানান।

তিনি বলেন, কোম্পানির অভিষ্ট লক্ষ্য অর্জনে কর্মীদের প্রতিশ্রুতি এবং নিষ্ঠা আমাদের অগ্রগতিতে সহায়তা করেছে। তিনি বিশ্বাস করেন যে, কোম্পানি তার দায়িত্বপূর্ণ ব্যবসায়িক কার্যক্রমের দ্বারা সর্বোচ্চ সেবা, প্রবৃদ্ধি, নুতনত্ব আনয়ন এবং আধুনিকীকরণে সামর্থ্য হবে। তিনি আরো বলেন. বিভিন্ন চ্যালেঞ্জ সত্ত্বেও আলোচ্য অর্থ বছরে এ কোম্পানি ৪৪১.৬৭ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে এবং দেশের অর্থনৈতিক কর্মকান্ডকে গতিশীল রাখতে ভ্যাট, ট্যাক্স, ডিভিডেন্ড ও অন্যান্য কর বাবদ ২১৮.২৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন।

তিনি বলেন, সবাই জেনে আনন্দিত হবেন যে, ১৪ নভেম্বর ২০২৪ তারিখে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড তেল, গ্যাস ও জ্বালানি ক্যাটাগরিতে ১৪তম আইসিএমএবি বেস্ট কর্পোরেট গোল্ড এ্যাওয়ার্ড অর্জন করেছে।

প্রতিষ্ঠানের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীগণ নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে কোম্পানির প্রবৃদ্ধির ধারা অব্যাহত রেখেছে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, সবাই জেনে আরও খুশি হবেন যে কোম্পানির চলতি ২০২৪-২৫ অর্থ বছরে প্রথম ছয় মাসে (জুলাই-ডিসেম্বর/২০২৪) শেয়ার প্রতি আয় হয়েছে ২৩.৯২ টাকা, যেখানে গত অর্থবছরে (জুলাই-ডিসেম্বর/২০২৩) শেয়ার প্রতি আয় ছিল ১৮.৪৬ টাকা।

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শের জন্য ধন্যবাদ জানান। তিনি শেয়ারহোল্ডারবৃন্দের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শ যেগুলো কোম্পানি সচিব পাঠ করেছেন তার জবাব শেয়ারহোল্ডারবৃন্দদের সদয় অবগতির জন্য প্রদান করেন। তিনি

বলেন এ কোম্পানির মালিক শেয়ারহোল্ডারগণ। শেয়ারহোল্ডারদের সন্তুষ্টিই অত্র কোম্পানির লক্ষ্য। শেয়ারহোল্ডারগণ সন্তুষ্ট হলেই, কোম্পানির পরিচালনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। কোম্পানির কার্যক্রম অধিকতর শক্তিশালী ও কার্যকর করতে কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সর্বদা সচেষ্ট রয়েছে। ফলে গত বছররের তুলনায় এ বছর কর পরবর্তী মুনাফা ১০০.৮১ কোটি টাকা বেশি অর্জিত হয়েছে এবং পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণের জন্য ১৫০% লভ্যাংশ ঘোষণা করেছে। এই সাফল্যর ধারাবাহিকতা পরবর্তী বছরগুলোতেও বজায় রাখার প্রচেষ্টা অব্যাহত থাকবে। তিনি বলেন যে, বিএসইসি'র নির্দেশনা অনুযায়ী সুযোগ থাকায় ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএম অনুষ্ঠান করা হয়েছে। আগামীতে হাইব্রিড/শেয়ারহোল্ডারদের সরাসরি উপস্থিতিতে এজিএম করার বিষয়ে বিএসইসি'র নির্দেশনা অনুসরণ করা হবে।

তিনি জানান যে, ঢাকার কারওয়ান বাজারস্থ ২০তলা ভবনের নির্মাণ প্রকল্পের দ্বিতীয় ফেজের (৩য়-২০তম তলার) অবশিষ্ট নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ২০তম তলা পর্যন্ত ছাদসহ কাঠামোর কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট অন্যান্য কাজ দ্রুততার সহিত আগামী ডিসেম্বর ২০২৫ এর মধ্য সম্পন্ন হবে বলে আশা করা যায়। চট্টগ্রামগ্রস্থ যমুনা ভবনটি দীর্ঘদিনের একটি ঐতিহ্যবাহী ভবন, তাই এই ভবনটিতে লিফট্ স্থাপন করা যাবে কিনা তা কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে। এছাড়াও তেল পরিচালন, স্থানান্তর ও মজুতকরণে অপচয় রোধের জন্য কোম্পানির পক্ষ থেকে পরিচালন কার্যক্রমকে অটোমেশনের আওতায় আনার বিষয়টি সক্রিয় বিবেচনাধীন রয়েছে। তেলের বিপণনে ভেজাল প্রতিরোধে পেট্রোল পাম্প ও ডিলারসমূহে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। অন্যদিকে নিয়মিতভাবে সারাদেশে ফিলিং স্টেশন সমূহ হতে নমুনা সংগ্রহ করে পেট্রোলিয়াম পণ্যের পরীক্ষাগারে পরীক্ষা করা হচ্ছে এবং সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি বলেন যে, তেল বিপণন কোম্পানি সমূহের প্রধান স্থাপনা ও দেশব্যাপী সকল ডিপোর পরিচালন কার্যক্রম অটোমেশন নেটওয়ার্কের আওতায় আনা হবে।

অটোমেশনের আওতায় আনার লক্ষ্যে দেশের সকল ডিপোসমূহে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য Surbana- Velotac – M + F- NDE Infratech (Consortium) প্রতিষ্ঠানকে পরামর্শক হিসেবে নিয়োগ করা হয়েছে এবং তাদের কাজ চলমান আছে। ইতোমধ্যে প্রধান স্থাপনাকে অটোমেশন নেটওয়ার্কের আওতায় আনার জন্য স্পেনের পরামর্শক প্রতিষ্ঠান Tecnicas Reunidas এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে ও তারা সমীক্ষা প্রতিবেদন জমা দিয়েছে এবং প্রধান স্থাপনায় অটোমেশনের পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। সিএসআর কার্যক্রমের আওতায় কোম্পানি ২০২৩-২৪ অর্থ বছরে চিকিৎসা, শীতবস্ত্র বিতরণ, মসজিদ, মাদ্রাসা, এতিমখানা ও মন্দির খাতে অনুদান প্রদান করেছে। ভবিষ্যতেও সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত কার্যক্রমের আওতায় এ ধারা অব্যাহত থাকবে। তিনি শেয়ারহোল্ডারদের বলেন কোম্পানির নিট অপারেটিং নগদ তহবিল প্রবাহ ২২.৮৮ টাকার বিপরীতে বিগত ২০২২-২৩ অর্থ বছরে ছিল ১০৯.০১ টাকা। আলোচ্য ২০২৩-২৪ অর্থ বছরে চলতি সম্পদের মধ্যে স্বল্পমেয়াদী বিনিয়োগ বৃদ্ধি, মজুদ পণ্য বৃদ্ধি, ব্যবসায়িক পাওনা ইত্যাদি খাতে পরিশোধ বেড়েছে, আবার চলতি দায়ের অন্যান্য ক্রেডিটস এন্ড এক্রুয়েলস খাতে দায় হ্রাস পেয়েছে অর্থাৎ পরিশোধের পরিমাণ বেড়েছে। ফলে কোম্পানির নিট অপারেটিং ক্যাশ ফ্লো এর বৃদ্ধির হার বিগত বছরের তুলনায় হ্রাস পেয়েছে। দেশের অর্থনৈতিক কর্মকান্ড ক্রমাগত বৃদ্ধির প্রেক্ষাপটে কোম্পানির সুবিন্যস্ত বিক্রয় নেটওয়ার্ক বৃদ্ধি ও কৌশল প্রয়োগের মাধ্যমে পেট্রোলিয়াম পণ্যের বিপণন ঝুঁকি ও ভবিষ্যৎ চ্যালেঞ্জের মোকাবেলা করা সম্ভবপর হবে বলে তিনি আশা করেন। এছাড়াও নতুন নতুন স্থান নির্বাচন করে ফিলিং স্টেশনের লাইসেন্স প্রদান, ব্যবসাবহুল স্থানে ডিলার ও এজেন্ট নিয়োগ এবং কোম্পানির নিজস্ব উদ্যোগে নতুন ফিলিং স্টেশন স্থাপন করে পেট্রোলিয়াম পণ্যের বিপণন বৃদ্ধির পরিকল্পনা নেওয়া হয়েছে বলে তিনি জানান। নতুনভাবে প্রচলিত অটোগ্যাস বিপণনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ভবিষ্যতে আয় বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কোম্পানির অপরিচালন আয়ের মধ্যে ব্যাংকে রক্ষিত বিনিয়োগ থেকে অর্জিত আয় একটা বড় ভূমিকা রাখে। তিনি শেয়ারহোল্ডারবৃন্দকে আশ্বস্থ করেন যে, কোম্পানির ব্যাংক হিসাবসমূহে রাখা স্থায়ী ও শর্ট নোটিশ ডিপোজিট সমূহ থেকে অর্জিত আয়ের হিসাব যথাযথভাবে তদারকিপূর্বক হিসাবভুক্ত করা হয়ে থাকে। কোম্পানিসমূহের সম্পদ পুনর্মূল্যায়নে বিপিসির নেয়া পদক্ষেপের পরিপ্রেক্ষিতে এ কোম্পানি সম্পদ পুনর্মূল্যায়নের জন্য ইতোমধ্যে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে সম্পদ পুনর্মূল্যায়নকারী প্রতিষ্ঠানের নিয়োগ দেওয়া হয়েছে এবং সম্পদ মূল্যায়নকারী প্রতিষ্ঠান প্রাথমিক প্রতিবেদন প্রদান করেছে যা চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন আছে। তিনি বলেন যে, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড ইতোমধ্যে ঢাকায় কারওয়ান বাজারস্থ ২০ তলা বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ কাজের শেষ পর্যায়ে রয়েছে। ভবনটি পুরোদমে চালু হলে ভাড়া খাতে কোম্পানির নীট মুনাফা নিঃসন্দেহে বাড়বে। এ কোম্পানির শেয়ারবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠান এমজেএল বিডি পিএলসিতে ১৯.৪৫% শেয়ারের সমপরিমাণ রয়েছে। এমজেএল বিডি পিএলসি হতে ডিভিডেন্ড হিসেবে ২০২৩-২৪ অর্থবছরে অত্র কোম্পানি ৩০.৮১ কোটি টাকা পেয়েছে। ইতোমধ্য চলতি ২০২৪-২৫ অর্থবছরে উক্ত কোম্পানি হতে ডিভিডেন্ড বাবত ৩২.০৪ কোটি টাকা অর্জিত হয়েছে। এছাড়া ওমেরা ফুয়েলস্ লিমিটেড ২৫% শেয়ারে বিনিয়োগ রয়েছে। ওমেরা ফুয়েলস্ লিমিটেড হতে এ বছর মুনাফা বাবত ৭.৩৬ লক্ষ টাকা কোম্পানির মুনাফায় যুক্ত হয়েছে। অতএব ভবিষ্যতে লাভজনক খাতে বিনিয়োগ করার সম্ভাবনা রয়েছে। যমুনা অয়েল কোম্পানীর লক্ষ্য হচ্ছে Cost Minimization করে Profit Maximization করা। এ লক্ষ্য বাস্তবায়নে কোম্পানি সর্বদা কাজ করে চলেছে। এ ধারা অব্যাহত থাকলে শেয়ারহোল্ডারদের লভ্যাংশও আরো বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি শেয়ারহোল্ডারবৃন্দকে প্রশংসার জন্য ধন্যবাদ জানান। এই অর্থ বছরে দেশের অর্থনৈতিক গতি শ্লথ থাকায়, ডিজেল ব্যবহৃত বিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন কম হওয়ায় ডিজেলের বিক্রয় হ্রাস পায়। ফলে কোম্পানির সার্বিক জ্বালানি তেল বিক্রি কম হওয়ায় পরিচালন মুনাফা হ্রাস পেয়েছে। আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে কাওরান বাজারস্থ কোম্পানির ভবন হতে ভাড়া খাতে আয় প্রাপ্ত হবে বলে তিনি জানান। ব্যবসায়িক কার্যক্রমের ধারা বজায় রেখে অর্থনৈতিক প্রবৃদ্ধি, তেল বিপণনে নতুনত্ব আনয়ন এবং আধুনিকীকরণের মাধ্যমে দেশ ও জাতিকে সর্বোচ্চ সেবা পৌঁছে দেওয়া কোম্পানির মুল লক্ষ্য ও উদ্দেশ্য। তিনি বলেন যে, ভবিষ্যতে কোম্পানির নীট মুনাফার ধারাবাহিকতা বজায় থাকলে শেয়ারহোল্ডারগণকে আরো বেশি নগদ লভ্যাংশ প্রদান করা হবে। কোম্পানির উন্নয়ন ও ব্যবসায়িক পরিকল্পনা বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত পরিচালকমন্ডলী প্রতিবেদনে দেওয়া হয়েছে। কোম্পানির লভ্যাংশ অনুমোদনের পর BSEC এর নির্ধারিত সময়সীমার মধ্যে সকল প্রক্রিয়া সম্পাদন পূর্বক বিএফটিএন এর মাধ্যমে শেয়ারহোল্ডারগণকে পরিশোধ করা হবে বলে তিনি জানান।

চট্টগ্রামস্থ প্রধান কার্যালয়ের পাশে একটি ৩০ তলা ভবন নির্মাণ করার প্রস্তাবটি কোম্পানি বিবেচনা করে দেখবে এবং কোম্পানির পক্ষে লাভজনক হলে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে। চট্টগ্রামে একটা যমুনা আধুনিক হাসপাতাল প্রতিষ্ঠার দাবীটি নিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করা যেতে পারে বলে জানান। BSEC এর নির্দেশনা অনুযায়ী ভার্চুয়ালী এজিএমে অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারদের সম্মানী প্রদানের নিয়ম নেই। ভবিষ্যতে BSEC এর নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। লভ্যাংশ সমতাকরণ তহবিল গঠনের বিষয়ে কোম্পানি চিন্তা ভাবনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে তিনি জানান। তিনি শেয়ারহোল্ডারগণকে গঠনমূলক পরামর্শের জন্য ধন্যবাদ জানান। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে ৪৯তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত হয়ে ধৈর্য ধরে সভার কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে তাঁর বক্তব্য শেষ করেন।

এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় শেয়ারহোল্ডারগণের উদ্দেশ্যে বলেন, ৭২ ঘন্টা পূর্বে বার্ষিক সাধারণ সভার বিষয়সমূহের উপর আলোচ্যসূচী অনুসারে পক্ষে-বিপক্ষে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটিং সিস্টেম চালু করা হয়েছে। তিনি বিষয়সমূহের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন। এ পর্যায়ে কোম্পানি সচিব বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচি- ১ : ২৭ জানুয়ারি ২০২৪ খ্রি., ১৩ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ।**

**আলোচনা :** কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯(২) ধারা মোতাবেক বিগত ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে এবং পর্ষদ চেয়ারম্যান মহোদয় কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য উক্ত কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ ই-মেইল অ্যাড্রেসে প্রেরণ করা হয়েছে এবং একই সাথে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। আশা করা হয় যে, সম্মানিত শেয়ারহোল্ডারগণ তা পেয়েছেন এবং পড়েছেন। ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয়। এমতাবস্থায়, ২৭ জানুয়ারি ২০২৪ খ্রি., ১৩ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণের জন্য প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৮,৯৮,১৬৩ সংখ্যক এবং বিপক্ষে ২৯০ সংখ্যক ভোট পড়েছে।

অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে ২৭ জানুয়ারি ২০২৪ খ্রি., ১৩ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার অনুষ্ঠিত ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ (আলোচ্যসূচি-১) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ২ : ২০২৪ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, ২০২৪ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, যুগ্ম-বহিঃনিরীক্ষকের প্রতিবেদন ও শেয়ারহোল্ডারদের উদ্দেশে পরিচালকমন্ডলীর প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট প্রেরিত/কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে। আশা করা হয় যে, সবাই প্রতিবেদনসমূহ পড়েছেন। কাজেই সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ পঠিত হয়েছে বলে গণ্য করা হয়। এমতাবস্থায়, ২০২৪ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়।

শেয়ারহোল্ডারবৃন্দের অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৮,২৫,১৫১ সংখ্যক এবং বিপক্ষে ৭৩,৩০২ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ২০২৪ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন (আলোচ্যসূচি-২) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৩: ২০২৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা অনুমোদন।**

আলোচনা : কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত বছরে আশানুরূপ মুনাফা অর্জন করায়, পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণের স্বার্থ বিবেচনা করে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ১৫০ শতাংশ হারে অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১৫.০০ টাকা নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। উক্ত লভ্যাংশ ঘোষণা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৮,৯৮,৪৭৩ সংখ্যক এবং বিপক্ষে ৪৭৮ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত বছরের জন্য ১৫০ শতাংশ অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১৫.০০ টাকা নগদ লভ্যাংশ ঘোষণা (আলোচ্যসূচি-৩) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ৪: বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক যাঁরা কোম্পানির আর্টিকেলস অফ এসোসিয়েশন অনুযায়ী অবসর গ্রহণ করছেন তাঁদের পুনঃনিয়োগ অনুমোদন এবং স্বতন্ত্র পরিচালক এর নিয়োগ অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির আর্টিকেলস্ অফ এসোসিয়েশন এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রতি বার্ষিক সাধারণ সভায় জ্যেষ্ঠতার ভিত্তিতে পরিচালকবৃন্দের এক-তৃতীয়াংশ পালাক্রমে অবসর গ্রহণ করে থাকেন। এ সাধারণ সভায় পরিচালক জনাব এম এ আকমল হোসেন আজাদ, পরিচালক জনাব কবীর মাহমুদ ও জনাব শেখ আল আমীন পরিচালনা পর্ষদ হতে অবসর গ্রহণ করছেন। পরিচালক জনাব এম এ আকমল হোসেন আজাদ, পরিচালক জনাব কবীর মাহমুদ ও জনাব শেখ আল আমীন পুনঃনির্বাচিত হওয়ার যোগ্যতা রাখেন বিধায় তাঁদের কে পুনঃনির্বাচিত করার প্রস্তাব করা হয়েছে।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২১.৪৪.০০১.২৪.৯৮ তারিখঃ ২৬ নভেম্বর ২০২৪ খ্রি. এর মাধ্যমে জনাব শংকর প্রসাদ দেব, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব এর স্থলে জনাব সালেহ আহমেদ খসরু, কলাম লেখক, কবি ও সমাজকর্মী এবং জনাব সামসুদ্দোহা, অবসরপ্রাপ্ত যুগ্মসচিব এর স্থলে মিজ কওছার জহুরা, অবসরপ্রাপ্ত যুগ্মসচিব কে যমুনা অয়েল কোম্পানী লিমিটেডের পরিচালনা পর্ষদে স্বতন্ত্র পরিচালক হিসেবে মনোনীত করা হয়েছে।

অত্র কোম্পানির পর্ষদ উক্ত স্বতন্ত্র পরিচালকদ্বয়কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমশিনের অনুমোদন স্বাপেক্ষে নিয়োগ প্রদান করেছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পত্র সূত্রঃ BSEC/ICAD/CGD/2025 /262/Part-1/68, January 28, 2025 মোতাবেক স্বতন্ত্র পরিচালক নিয়োগের বিষয়ে অনুমোদন পাওয়ার পর ৩০ জানুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৫৩০তম পর্ষদ সভায় তাঁদের নিয়োগ অনুমোদন করা হয়। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় স্বতন্ত্র পরিচালক জনাব সালেহ আহমেদ খসরু ও মিজ কওছার জহুরাকে যমুনা অয়েল কোম্পানী লিমিটেডের পরিচালনা পর্ষদে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর পক্ষে ৮,৪৮,১৯,৫৭৫ সংখ্যক এবং বিপক্ষে ৭৮,৮৫১ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব এম এ আকমল হোসেন আজাদ, পরিচালক জনাব কবীর মাহমুদ ও জনাব শেখ আল আমীন এর পুনঃনিয়োগ এবং স্বতন্ত্র পরিচালক হিসাবে জনাব সালেহ আহমেদ খসরু ও মিজ কওছার জহুরা এর নিয়োগ অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৪) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ৫: ২০২৫ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বর্তমান বহিঃনিরীক্ষকদ্বয় মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স হোদা ভাসী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এ সভায় অবসর গ্রহণ করছে। কোম্পানির নিরীক্ষক হিসেবে ৩(তিন) বছর পূর্ণ না করায় মেসার্স হোদা ভাসী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এর পুনঃনিযুক্তির যোগ্যতা রয়েছে এবং তারা পুনঃনিযুক্তির ইচ্ছা পোষণ করেছে। মেসার্স শফিক বাসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ৩(তিন) বছর পূর্ণ করায় তাদের পুনঃনিযুক্তির সুযোগ নেই। ফলশ্রুতিতে, বিপিসির মনোনয়ণের প্রেক্ষিতে মেসার্স এম এম রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টসকে যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে ভ্যাট ব্যতীত ৩,৫০,০০০.০০ টাকা (সমহারে বন্টন সাপেক্ষে) ফি'তে শেয়ারহোল্ডারগণ পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য নিযুক্তির অনুমোদনের প্রস্তাব কোম্পানির বোর্ড কর্তৃক সুপারিশ করা হয়েছে।

এমতাবস্থায়, ২০২৪-২০২৫ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য মেসার্স এম এম রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকা: ৩,৫০,০০০.০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র ফি (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) নির্ধারণের প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৫ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৮,৯১,৩৩৭ সংখ্যক এবং বিপক্ষে ৭,০৫১ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৫ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্তঃ** কোম্পানির ২০২৫ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-নিরীক্ষক হিসেবে মেসার্স এম এম রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকা:

৩,৫০,০০০.০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র ফি (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) নির্ধারণের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অনলাইনে প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৫) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৬ : ২০২৫ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য শেয়ারহোল্ডারদের উদ্দেশে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্তাবলী মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্রের জন্য পেশাদার প্রতিষ্ঠান নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্নেন্স কোড BSEC/ CMRRCD/২০০৬-১৫৮/২০৭/Admin/৮০ তারিখ: ০৩-০৬-২০১৮ খ্রি. মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্রের জন্য মেসার্স মাহমুদ সবুজ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস'কে ভ্যাট ব্যতীত ফি টাকা ২২,০০০.০০ (বাইশ হাজার) মাত্র নির্ধারণপূর্বক নিযুক্তির জন্য পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশ করা হয়েছে। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ মেসার্স মাহমুদ সবুজ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টসকে কর্পোরেট গভর্নেন্স কোড মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য ভ্যাট ব্যতীত ২২,০০০ (বাইশ হাজার) টাকায় নিযুক্তির অনুমোদনের প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৮,৯৬,৪২৬ সংখ্যক এবং বিপক্ষে ২,২০০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** ২০২৫ সালের ৩০ জুন সমাপ্য বছরের কোম্পানির কর্পোরেট গভর্নেন্স কোড মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স মাহমুদ সবুজ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে ভ্যাট ব্যতীত ২২,০০০.০০ (বাইশ হাজার) টাকা পারিশ্রমিকে পেশাদার প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৬) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৭ : সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যে কোন বিষয় আলোচনা।**

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বার্ষিক সাধারণ সভায় পূর্বাহ্নে বিজ্ঞপ্তি ব্যতীত অন্য কোন বিষয়ে আলোচনা করার বিধান নেই, তবুও কোন গুরুত্বপূর্ণ বিষয় থাকলে তা' নথি বহির্ভূতভাবে আলোচনা করা যেতে পারে মর্মে সকলকে অবহিত করেন। সংযুক্ত শেয়ারহোল্ডারগণ হতে কোন সাধারণ বিষয় আলোচনার জন্য প্রস্তাব আসে নাই বিধায় আর কোন আলোচনা নাই।

এ পর্যায়ে কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে সভার সমাপনী বক্তব্য প্রদানের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণার জন্য বিনীত অনুরোধ করেন।

**চেয়ারম্যান মহোদয়ের সমাপনী বক্তব্য:**

চেয়ারম্যান মহোদয় আজকের এই সভায় ধৈর্য সহকারে ভার্চুয়ালী সংযুক্ত হয়ে সভাকে সাফল্যমন্ডিত করার জন্য কোম্পানির পরিচালকমণ্ডলী, বিপিসি'র সম্মানিত প্রতিনিধিবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং সুধীবৃন্দ সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজসম্পদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন'কে কোম্পানির অগ্রযাত্রায় সঠিক ও সময়োপযোগী দিক-নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি পরিচালনা পর্ষদের সদস্য, ব্যবস্থাপনা টিম, কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের আন্তরিক প্রচেষ্টা, উদ্যোগ ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, সিডিবিএল, রেজিস্ট্রার অফ জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, নিরীক্ষকদ্বয়, শেয়ারহোল্ডারগণ, কোম্পানির সকল ডিলার, এজেন্ট/ডিষ্ট্রিবিউটর ও অন্যান্য গ্রাহকবৃন্দকে তাদের সমর্থন ও দিক-নির্দেশনা দিয়ে আমাদেরকে ধন্য করেছেন; তাই তিনি সকলের প্রতি কৃতজ্ঞতা জানান। ৪৯ তম এজিএম এর অনলাইন সাইট ওপেন হওয়ার ৭২ ঘণ্টার মধ্যে শেয়ারহোল্ডারগণ যে সাড়া দিয়েছেন সেজন্য তাঁদের ধন্যবাদ জানান। শেয়ারহোল্ডারগণ অনেক মূল্যবান প্রশ্ন করেছেন ও মন্তব্য/মতামত দিয়েছেন যা ভবিষ্যতে কোম্পানির পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা করেন। তিনি বলেন শেয়ারহোল্ডারগণ ভবিষ্যতে আরও মতামত ও দিকনির্দেশনা প্রদান করে কোম্পানির উন্নয়নে অবদান রাখবেন। ডিজিটাল মাধ্যম তথা ভার্চুয়ালি এজিএম অনুষ্ঠিত হওয়ার ফলে সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিভিন্ন প্রশ্নের জবাব সরাসরি দেয়া সম্ভব হয়নি, আগামীতে পূর্বের মতো শেয়ারহোল্ডারগণের উপস্থিতিতে এজিএমের আয়োজন করতে তিনি সচেষ্ট থাকবেন।

পরিশেষে, তিনি উপস্থিত সকল শেয়ারহোল্ডারগণ ও সম্মানিত সুধিবৃন্দের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ৪৯তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

সকলকে অশেষ ধন্যবাদ,

আল্লাহ হাফেজ

**(এম এ আকমল হোসেন আজাদ)**
চেয়ারম্যান

# JAMUNA OIL COMPANY LIMITED

Jamuna Bhaban, Agrabad Commercial Area, Chattogram-4100

## Shareholder's Attendance List

**49th Annual General Meeting** **Date : 25 February 2025**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1 | 1201590008009260 | ALHAJ SK. TANZIRA BEGUM | 01727239740 | 100 | Digital |
| 2 | 1201590008014370 | ALHAJ MOHAMMAD ABDUL WAHHAB | 01711336539 | 50 | Digital |
| 3 | 1201780000192310 | MD. NAZRUL ISLAM CHOWDHURY | 01711395730 | 478 | Digital |
| 4 | 1206130017201550 | SAJAL ROZARIO | 01926201050 | 1,000 | Digital |
| 5 | 1204490076858380 | IBRAHIM HASAN | 01930079547 | 15 | Digital |
| 6 | 1203260076036870 | HUMAIRA PARVEEN | 01886918099 | 2,000 | Digital |
| 7 | 1203110068840620 | MD.SHAMSULALAM | 01715592933 | 3,000 | Digital |
| 8 | 1203780033416780 | MOHAMMAD ISMAIL HOSSAIN | 01912970213 | 5 | Digital |
| 9 | 1203790032807840 | MOHAMMAD SHARIFUL ISLAM | 01716774435 | 272 | Digital |
| 10 | 1201590021686010 | ZIAUL HAQ | 01912375686 | 500 | Digital |
| 11 | 1204180025814460 | ABDULLAH AL ZAKI | 01683738148 | 180 | Digital |
| 12 | 1203950075126320 | SYED SHARIF UDDIN AHMED | 01711976804 | 250 | Digital |
| 13 | 1204140043906220 | MD.SALAUDDIN | 01673900775 | 515 | Digital |
| 14 | 1201530057974030 | INVESTMENT CORP. OF BANGLADESH | 01717769928 | 1,346,873 | Digital |
| 15 | 1201530067036470 | ICB BOND | 01717769928 | 1,452,068 | Digital |
| 16 | 1201530000003520 | ICB UNIT FUND | 01717769928 | 6,481,993 | Digital |
| 17 | 1201530000003500 | ICB | 01717769928 | 5,004,719 | Digital |
| 18 | 1201530076912070 | ICB SOVEREIGN GUARANTEE | 01717769928 | 82,659 | Digital |
| 19 | 1201830074677500 | NURE ALAM | 01763835916 | 100 | Digital |
| 20 | 1201590012844880 | MOHAMMAD OSMAN | 01817768636 | 650 | Digital |
| 21 | 1202430001406100 | MD. ABDUR RAZZAK | 01552365909 | 5 | Digital |
| 22 | 1202390059675350 | MR. MD. SHIRAJUL ISLAM | 01672351523 | 100 | Digital |
| 23 | 1203430014961410 | SHIRIN AKHTER | 01912935740 | 10 | Digital |
| 24 | 1201530058391220 | MD. MAMUN HOSSAIN SHAMIM | 01704096965 | 5 | Digital |
| 25 | 1605360048093550 | MD. ABU TAYAB CHOWDHURY | 01813946322 | 2,630 | Digital |
| 26 | 1204490044971700 | MD. SHAH ALAM | 01556577109 | 50 | Digital |
| 27 | 1203690021540250 | SHAH ALAM | 01556577109 | 10 | Digital |
| 28 | 1203690019695180 | SHAH ALAM | 01556577109 | 10 | Digital |
| 29 | 1201510016065470 | A.N.M SOLAIMANUR RAHMAN | 01715286921 | 50 | Digital |
| 30 | 1202600010002030 | MD.NAZMUS SAKIB | 01715620967 | 50 | Digital |
| 31 | 1202600010002040 | MD. NAZMUS SAKIB | 01715620967 | 50 | Digital |
| 32 | 1201470000021710 | MD. SHORAB HOSSAIN (LINKON) | 01911392979 | 50 | Digital |
| 33 | 1202530019815120 | MD. MOBARAK HOSSAIN | 01819422463 | 20 | Digital |
| 34 | 1601670016201690 | SSBTA/C P EM FUND<br>Proxy / Representative:<br>Md. Amranul Haque Khan<br>Officer | 8809666356409 | 22,841 | Digital |

# Shareholder's Attendance List

**49th Annual General Meeting** **Date : 25 February 2025**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 35 | 1601670016202700 | SSBTA/C PARAM TAX-MANAGED EMF<br>Proxy / Representative:<br>Md. Amranul Haque Khan<br>Officer | 8809666356409 | 50,340 | Digital |
| 36 | 1201840000703230 | HIRALAL BANIK | 01711447461 | 100 | Digital |
| 37 | 1201840013061590 | SANTANU BANIK | 01711141326 | 20 | Digital |
| 38 | 1203360007668010 | A.B.M ZIAUR RAHAMAN SIDDIQUE | 01716129965 | 5 | Digital |
| 39 | 1203360007692230 | MRS. KAMRUN NAHAR ZIA | 01920167447 | 6 | Digital |
| 40 | 1203360015752680 | A.B.M TAZ RIFAT RAHMAN | 01920167447 | 6 | Digital |
| 41 | 1204320020709760 | MR. HARIDAS BANIK | 01677081566 | 15 | Digital |
| 42 | 1204320021568570 | HIRA LAL BANIK | 01912528028 | 10 | Digital |
| 43 | 1203010016545670 | DILIP KUMAR SAHA | 01714204474 | 10 | Digital |
| 44 | 1203010016545660 | SIFALI SHAHA | 01717364137 | 10 | Digital |
| 45 | 1204320019874300 | RINA SAHA | 01774200058 | 5 | Digital |
| 46 | 1204430039785240 | MD.JALAL UDDIN | 01811731329 | 1 | Digital |
| 47 | 1204430015340660 | SANKAR KUMAR MALLICK | 01712224747 | 100 | Digital |
| 48 | 1201910067439690 | MD. ZIAUL HOQUE | 01792111342 | 145 | Digital |
| 49 | 1201590065781130 | NURJAHAN PERVEEN | 01705184868 | 90 | Digital |
| 50 | 1601880045843500 | KABIR AHMED CHOWDHURY | 01731454294 | 67 | Digital |
| 51 | 1201960001141760 | KAMAL UDDIN AHMED | 01623544132 | 20 | Digital |
| 52 | 1201960017147410 | KAMAL UDDIN AHMED | 01623544132 | 121 | Digital |
| 53 | 1201840076210000 | SHAHADATALI | 01813690775 | 300 | Digital |
| 54 | 1202490004334430 | PROSHANTA KUMAR CHAKRABORTY | 01718963522 | 5 | Digital |
| 55 | 1201720003873220 | ABDULALIM KHAN | 01711521498 | 688 | Digital |
| 56 | 1204320020921960 | MR. SUBRATA SAHA | 01715903302 | 5 | Digital |
| 57 | 1202060012036170 | MUHAMMAD AFTABUR RAHMAN | 01745993816 | 16 | Digital |
| 58 | 1201530000021950 | MUHAMMAD AFTABUR RAHMAN | 01745993816 | 22 | Digital |
| 59 | 1201530000038310 | MUHAMMAD ABDUL WAHAB | 01915164425 | 22 | Digital |
| 60 | 1201530000042750 | MST. RAJIA MUKTY | 01631050345 | 1 | Digital |
| 61 | 1201590009497160 | SHOWKAT HOSSAIN | 01712169003 | 330 | Digital |
| 62 | 1201510016065480 | REHANA KHANAM | 01717303694 | 100 | Digital |
| 63 | 1201510016071250 | REHANA KHANAM | 01717303694 | 25 | Digital |
| 64 | 1204430061183510 | MOHAMMAD KAMRUL ISLAM | 01557825876 | 200 | Digital |
| 65 | 1201510016065460 | MD. TANZILUR RAHMAN | 01558365521 | 100 | Digital |
| 66 | 1202840025805610 | ABDUL MOTALABE MAZUMDER | 01818033985 | 2 | Digital |
| 67 | 1202000000622550 | MR. MD. MYNUL HAQUE BHUIYAN | 01715163296 | 900 | Digital |
| 68 | 1603700017784770 | MD ABUL KALAM AZAD | 01533567281 | 290 | Digital |

# Shareholder's Attendance List

**49th Annual General Meeting** **Date : 25 February 2025**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 69 | 1203690000105980 | PRODIP KUMAR DAS | 01712019580 | 2 | Digital |
| 70 | 1604580000002340 | ICB AMCL UNIT FUND<br>Proxy / Representative:<br>Mr. Md. Mansur Ahammed Majumdar<br>Senior Principal Officer | 01970973658 | 654,078 | Digital |
| 71 | 1604580037759080 | ICB AMCL SONALI BANK 1ST MF<br>Proxy / Representative:<br>Mr. Md. Mansur Ahammed Majumdar<br>Senior Principal Officer | 01970973658 | 210,950 | Digital |
| 72 | 1605420043478870 | BANGLADESH FUND<br>Proxy / Representative:<br>Mr. Md. Mansur Ahammed Majumdar<br>Senior Principal Officer | 01970973658 | 2,496,636 | Digital |
| 73 | 1201530000002370 | ICB ASSET MANAGEMENT CO. LTD.<br>Proxy / Representative:<br>Mr. Md. Mansur Ahammed Majumdar<br>Senior Principal Officer | 01970973658 | 595,838 | Digital |
| 74 | 1604580000003580 | EIGHTH ICB UNIT FUND<br>Proxy / Representative:<br>Mr. Md. Mansur Ahammed Majumdar<br>Senior Principal Officer | 01970973658 | 109,225 | Digital |
| 75 | 1201720015947070 | MOHAMMAD KHAIRUL BASHER SHEIKH | 01715049008 | 6,500 | Digital |
| 76 | 1202810015876450 | MD. SELIM MIAH | 01715380674 | 1 | Digital |
| 77 | 1202810015876460 | MD. SELIM MIAH | 01715380674 | 2 | Digital |
| 78 | 1203330040213760 | MD MONIRUL HOQUE | 01819801997 | 1,500 | Digital |
| 79 | 1201520000633380 | ENGR. PRODIP KUMAR KUNDU | 01552201858 | 2,200 | Digital |
| 80 | 1201600000777400 | MD. ABDUL MANNAN | 01988324701 | 350 | Digital |
| 81 | 1201830076640070 | TANJIL HOSEN | 01777555714 | 101 | Digital |
| 82 | 1601880020279380 | ANM RUHUL QUDDUS | 01713007602 | 20,000 | Digital |
| 83 | 1201830069215680 | MOMTAJ BEGUM | 01873869720 | 138 | Digital |
| 84 | 1204180074386720 | MD. BELLAL HOSSAN | 01745408415 | 26 | Digital |
| 85 | 1205080019944630 | M.MONOWAR HOSSAIN | 01911969707 | 6 | Digital |
| 86 | 1201820076795800 | WALI ULLAH | 01553651791 | 500 | Digital |
| 87 | 1604620075602090 | MICHAEL CHANDRO ROY | 819094775803 | 2,005 | Digital |
| 88 | 1202280031990190 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 5 | Digital |
| 89 | 1202280031977250 | SUMAN SAHA | 01718332185 | 5 | Digital |
| 90 | 1201980036600080 | PROBIR KUMAR SAHA | 01882262363 | 1 | Digital |
| 91 | 1204090073880870 | MD. SADEQUR RAHMAN | 01777774692 | 900 | Digital |
| 92 | 1201980033134910 | SUKLA SAHA | 01718332185 | 1 | Digital |
| 93 | 1205080000108550 | MR. MIZANUR RAHMAN | 01715168719 | 1,000 | Digital |
| 94 | 1202280031990200 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 1 | Digital |
| 95 | 1202280032052670 | SUMAN SAHA | 01718332185 | 1 | Digital |
| 96 | 1204410076809750 | MD FARUK HOSSAIN | 01719383597 | 200 | Digital |
| 97 | 1201890076687530 | MD. GOLAM RABBI | 01732273678 | 29 | Digital |

# Shareholder's Attendance List

**49th Annual General Meeting** **Date : 25 February 2025**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 98 | 1201530015848170 | BANGLADESH PETRO. CORPORATION<br>Proxy / Representative:<br>Mr. Anupam Barua<br>Director (Operations & Planning), BPC & Joint Secretary"<br>Mr. Md. Abdul Matin<br>Director (Finance) & Joint Secretary, BPC<br>Mrs. Shahina Sultana<br>Secretary (Deputy Secretary), BPC "<br>Mr. A. T. M. Selim<br>Senior General Manager (Accounts), BPC"<br>Mr. Md. Abul Kalam Azad<br>General Manager (Audit) BPC<br>Mr. Moni Lal Das<br>General Manager (Commercial & Operations), BPC"<br>Mr. Engr. MD. AMIR MASUD<br>General Manager (Planning & Development), BPC"<br>Mr. Syed Mohammad Zakir Hossain<br>Deputy General Manager (Accounts/HQ), BPC"<br>Mst. Engr. Amena Ferdousi<br>Manager (Commercial & Operations), BPC"<br>Mr. Md. Ishtiak Hossain<br>Manager (Admin, current duties), BPC" | 01967499479 | 66,346,780 | Digital |